গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০১.২২.৫৮

তারিখ: ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ২য় কিস্তির অর্থ বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য **২য়** কিস্তির প্রাপ্ত বরাদ্দ থেকে নওগাঁ জেলার নিম্ন বর্ণিত প্রকল্প/ প্রতিষ্ঠানের নামের বিপরীতে উল্লিখিত পরিমাণ অর্থ শর্তসাপেক্ষে জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হল:

| জেলা | ক্র: নং | উপজেলার নাম | প্রকল্প/প্রতিষ্ঠানের নাম ও বিবরণ | বরাদ্দকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| নওগাঁ | ১ | নওগাঁ সদর | অফিসার্স ক্লাব, নওগাঁ এর ছাদ সংস্কার | ১৫০০০০.০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| | ২ | নওগাঁ সদর | কীর্ত্তিপুর ইউনিয়নের মৃধাপাড়া পুকুরের পার্শ্বে ড্রেন নির্মাণ | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা |
| | ৩ | আত্রাই | দ্বীপচাঁদপুর রফাতুল্যাহ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠ সংলগ্ন পুকুরের গাইড ওয়াল নির্মাণ | ৫০০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা |
| | ৪ | নওগাঁ সদর | বোয়ালিয়া ইউনিয়নে অবস্থিত দোগাছি কালিবাড়ি মন্দির সংস্কার | ৫০০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা |
| | ৫ | মান্দা | মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজের মাল্টিমিডিয়া ক্লাসরুম ও বিজ্ঞানাগার উন্নয়ন | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা |
| | | | **মোট** | **৪৫০০০০.০০(চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা** |

**শর্তাবলী:**

১. এ ব্যয় ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে।

২. ২০২২-২০২৩ অর্থবছরে ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩. এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান, টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪. এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

৬. নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/ বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৭. প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

৮. বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার

দিতে হবে।

৯. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১০. বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করতে হবে এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

১১. গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

১২. নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১৩. কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/ বিধির আওতায় আনতে হবে।

২। এমতাবস্থায়, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হল।



৭-২-২০২৩

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি

বিভাগীয় কমিশনার

ফোন: ০২৫৮৮৮৫৭২৩৩

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৭৫২৯

ইমেইল:

divcomrajshahi@mopa.gov.bd

জেলা প্রশাসক, নওগাঁ

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০১.২২.৫৮/১(৫)

তারিখ: ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি:

১) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, নওগাঁ সদর/আত্রাই/মান্দা, নওগাঁ

২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী

৩) উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর/আত্রাই/মান্দা, নওগাঁ

৪) জেলা হিসাব রক্ষণ অফিসার, নওগাঁ

৫) .........................., ..............................



৭-২-২০২৩

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি

বিভাগীয় কমিশনার